

2023/TDC(CBCS)/ODD/SEM/
BNGGE-501T/369

TDC (CBCS) Odd Semester Exam., 2023

BENGALI

(5th Semester)

Course No. : BNGGE-501T

(বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে কুড়িটা প্রশ্নের উত্তর

দাও :

১×২০=২০

UNIT—I

- ১। বাংলা সাহিত্যের ইতিহাসকে কয়টি যুগে ভাগ করা হয়েছে?
- ২। হরপ্রসাদ শাস্ত্রীর উপাধি কী?
- ৩। কোন্ কবি 'চর্যাপদ'-এর সর্বাধিক পদ রচনা করেছেন?
- ৪। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য কোথা থেকে আবিষ্কৃত হয়েছিল?
- ৫। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে কয়টি খণ্ড আছে?

24J/368

(Turn Over)

(2)

UNIT—II

- ৬। 'পূর্বরাগ-এর' শ্রেষ্ঠ কবি কে?
- ৭। 'দ্বিতীয় বিদ্যাপতি' কাকে বলা হয়?
- ৮। 'অভিসার' রস পর্যায়ে শ্রেষ্ঠ কবি কাকে বলা হয়?
- ৯। যে কোনো একজন চৈতন্য-পরবর্তী বৈষ্ণব পদকর্তার নাম লেখো।
- ১০। 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থটি কার লেখা?

UNIT—III

- ১১। নারায়ণ দেব-এর কাব্য কী নামে পরিচিত?
- ১২। 'মনসাবিজয়' কে রচনা করেছেন?
- ১৩। মুকুন্দরাম চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কী নামে পরিচিত?
- ১৪। 'ধর্মমঙ্গল' কাব্যের যে কোনো একজন জনপ্রিয় কবির নাম লেখো।
- ১৫। 'অন্নদামঙ্গল' কাব্যটির রচয়িতা কে?

UNIT—IV

১৬। “কৃত্তিবাস এ বঙ্গের অলঙ্কার।” উক্তিটি কার?

১৭। কৃত্তিবাসের পিতার নাম কী?

১৮। বাংলা ‘রামায়ণ’ অনুবাদের ধারায় একজন মহিলা কবির নাম লেখো।

১৯। কাশীরাম দাসের পৈতৃক উপাধি কী ছিল?

২০। কবি কাশীরাম দাস কোন্ শতকের কবি?

UNIT—V

২১। ‘শাক্ত পদাবলী’র প্রধান রস কী?

২২। রামপ্রসাদ রচিত শাক্ত গীতিগুলি কী নামে পরিচিত?

২৩। ‘সাধক রঞ্জন’ কার রচনা?

২৪। দৌলত কাজী কোন্ রাজসভার কবি ছিলেন?

২৫। ‘পদ্মাবতী’ কে রচনা করেছিলেন?

SECTION—B

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটা প্রশ্নের
উত্তর দাও :

২×৫=১০

UNIT—I

২৬। 'চর্যাপদ' কোথা থেকে, কী নামে পুস্তকাকারে প্রকাশিত
হয়েছিল?

২৭। 'চর্যাপদ'-এর ভাষাকে সন্ধ্যাভাষা কেন বলা হয়েছে?

UNIT—II

২৮। বিদ্যাপতি রচিত দুইটি গ্রন্থের নাম লেখো।

২৯। চৈতন্য-পূর্ব যুগের দুজন বিশিষ্ট পদকর্তার নাম উল্লেখ করো।

UNIT—III

৩০। 'চণ্ডীমঙ্গল' কাব্যের দুজন উল্লেখযোগ্য কবির নাম লেখো।

৩১। 'ধর্মমঙ্গল' কাব্যের কাহিনি কয়টি এবং কী কী?

UNIT—IV

৩২। কৃষ্ণিবাস ওঝার জন্মতিথি ও জন্মবার কী ছিল?

৩৩। কাশীরাম দাসের পিতার নাম কী ছিল? তিনি 'মহাভারত'-এর
কয়টি পর্বের অনুবাদ করেছিলেন বলে পণ্ডিতদের অনুমান?

UNIT—V

- ৩৪। 'শাক্ত পদাবলী'র দুটি পর্যায়ের নাম লেখো।
- ৩৫। দৌলত কাজীর রোমান্টিক আখ্যান কাব্যটির নাম কী? এই আখ্যানকাব্যের শেষাংশ কে রচনা করেন?

SECTION—C

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটা প্রশ্নের উত্তর দাও :

৮×৫=৪০

UNIT—I

- ৩৬। 'চর্যাপদ'-এর পদগুলোতে সাধারণ মানুষের দৈনন্দিন জীবনের যে চিত্র প্রতিফলিত হয়েছে তার পরিচয় দাও।
- ৩৭। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির বিষয় ও রচনা-বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

UNIT—II

- ৩৮। বিদ্যাপতির পদাবলীর একটি রসগ্রাহী আলোচনা করে তাঁর কবিকৃতির বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দাও।
- ৩৯। চৈতন্য মহাপ্রভুর জীবনকে অবলম্বন করে বাংলা ভাষায় রচিত যে কোনো একটি জীবনীকাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

UNIT—III

- ৪০। যে কোনো একজন 'মনসামঙ্গল' কাব্য রচয়িতার কবিকৃতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- ৪১। মুকুন্দরাম চক্রবর্তীকে 'চণ্ডীমঙ্গল' কাব্যধারার শ্রেষ্ঠ কবি কেন বলা হয়, আলোচনা করো।

UNIT—IV

- ৪২। অনুবাদ সাহিত্যের ধারায় কবি কৃত্তিবাস অনুদিত 'রামায়ণ'-এর অনন্যতা ও বৈশিষ্ট্যের পরিচয় দাও।
- ৪৩। বাংলা ভাষায় সংস্কৃত 'মহাভারত'-এর শ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর কবিকৃতিত্বের পরিচয় দাও।

UNIT—V

- ৪৪। 'আগমনী' ও 'বিজয়া' শীর্ষক পদগুলিতে মাতৃহৃদয়ের যে আকুলতা প্রকাশ পেয়েছে তা সংক্ষেপে আলোচনা করো।
- ৪৫। সপ্তদশ শতকের কবি আলাওলের সাহিত্যকৃতির পরিচয় দাও।

★ ★ ★